


West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2015
PART-III

বাংলা - সাধারণ

চতুর্থ পত্র



সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১) যে কোনো ১০ টি শব্দের বাংলা পরিভাষা লেখো : ১০ × ১ = ১০
Aesthetic emotion; Bibliography; Comic relief; Criticism of life; Dream image;
Episode; Folk culture; High seriousness; Idealism; Irony; Local colour;
Mysticism; Organic Unity; Post-modernism; Realism; Stylistics, Trilogy.
- ২) যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করো। ১৫
ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
খ) গঙ্গাদূষণ ও দূষণ মুক্তির উপায়
গ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও জনজীবনে তার প্রভাব।
- অথবা
- যে কোনো একটি বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করো। ১৫
ক) রবীন্দ্রনাথের কবিতা
খ) সাহিত্য গঠনে পত্রপত্রিকার ভূমিকা
গ) শরৎ সাহিত্যে নারী।
- ৩) যে কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা লেখো : ২ × ৫ = ১০
আদি স্বরলোপ, র-কারীভবন, লোকনিরঞ্জিত, শব্দদ্বৈত, সুভাষণ, মুর্ধন্যীভবন, জোড়কলম শব্দ, সাদৃশ্য।
- ৪) নিম্নলিখিত অংশটিতে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (International Phonetic Alphabet) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করো। ২০ × $\frac{১}{২}$ = ১০

কিন্তু রতনের মনে কোনো তত্ত্বের উদয় হইল না। সে সেই পোস্ট আপিস গৃহের চারিদিকে কেবল অশ্রুজলে ভাসিয়া ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছিল। বোধ করি তাহার মনে ক্ষীণ আশা জাগিতেছিল, দাদাবাবু যদি ফিরিয়া আসে — সেই বন্ধনে পড়িয়া কিছুতেই দূরে যাইতে পারিতেছিল না। হয় বুদ্ধিহীন মানবহৃদয়। আন্তি কিছুতেই ঘোচে না, যুক্তিশাস্ত্রের বিধান বহু বিলম্বে মাথায় প্রবেশ করে ...।

- ৫) 'বই মেলা ২০১৫' সম্বন্ধে একজন বিখ্যাত সাহিত্যিকের সঙ্গে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ১৫

অথবা

শব্দ বাজীর দাপটে কীভাবে জনজীবন বিপর্যস্ত হচ্ছে সে বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন (রিপোর্ট) রচনা করো। ১৫

- ৬) বাঁধের ভাঙ্গন রোধে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণের জন্য পঞ্চায়েত প্রধানের কাছে একটি পত্র রচনা করো। ১৫

অথবা

পালস্ পোলিও টিকাকরণের উদ্দেশ্যে জনস্বার্থমূলক একটি বিজ্ঞাপন রচনা করো। ১৫

- ৭) নিম্নলিখিত যে কোনো একটি অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করো। ১৫

Knowing that there is neither air nor water on the moon, we shall hardly expect to find men or animals, trees or flowers. And in actual fact the moon has been observed night after night and year after year for centuries, and no one has ever found any trace of forests, vegetation or life of any kind. No changes are detected beyond the alternations of light and of dark, of heat and of cold, as the sun rises and sets over the arid landscapes. The moon is a dead world, just a vast reflector poised in space, like a great mirror reflecting the sun's beams down on to us.

অথবা

Once there lived a mosquito in a pond. The pond was her favourite place. She was living a peaceful life there. But one day she came to the pond and found that her dear dirty pond was not there. It had turned into a very clean pond. She was shocked. The homeless mosquito did not know what to do. She had nowhere to go. She began to cry. Suddenly she saw her friend the fly. She also looked very sad. "What's the matter?" asked the mosquito. "Please do not ask me", answered the fly with tears in her eyes. "I am hungry, I visited many kitchens. The food was all covered and I could not eat anything."

"That's very bad", said the mosquito, "I am also unhappy, look my favourite pond is gone. Where should I lay my eggs?"

- ৮) (শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের বানানগুলি সংশোধন করো :

১০ × ১ = ১০

পিপীলীকা, পৈসাচিক, মুমূর্ষু, ব্যাবসায়ী, অদ্ভুত, মমতা, অনুরনন, কবিসত্বা, মধুসূদন, দুর্গা।

অথবা

SUB.-B.A.(GEN)-BNGG-12231

রোল নং বিষয় পত্র

$$20 \times \frac{5}{2} = 100$$

- ৮) নিম্নলিখিত কপিটি দেখে প্রুফ কপিটি সংশোধন করো। (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে)। মূল ও সংশোধিত প্রুফ কপি উত্তর-পত্রে অবশ্যই যুক্ত করতে হবে। রোল নম্বর অবশ্যই যথাস্থানে লিখতে হবে। (যে কোনো কুড়িটি)

পাণ্ডুলিপি

রবীন্দ্রনাথ মনে করতেন, শিক্ষা মানুষের পূর্ণাঙ্গ চেতনা আনে, জীবন বোধের চেতনা ঘটায়। চিন্তের বিকাশই শিক্ষার অন্তরঙ্গ বিষয় হওয়া উচিত। যে শিক্ষা মানুষের চেতনাকে আলোকিত করতে পারে না তা মূল্যহীন। পাশ্চাত্য শিক্ষা পদ্ধতি অনেকাংশে যান্ত্রিক, ফলতপ্রাণহীন। সেকালে প্রবর্তিত ইংরেজি শিক্ষা এদেশের মানুষকে কেমন তৈরীর যন্ত্রে রূপায়িত করেছে; কিছু মানুষ এই শিক্ষা লাভ করতে পেরেছিল, দেশের অবশিষ্ট মানুষ অজ্ঞানরূপে তিমিরে আচ্ছন্ন হয়ে থেকেছিল। বস্তুত সেই শিক্ষা ভারতবর্ষে সার্বজনীন শিক্ষা হয়ে উঠতে পারেনি। হয়ে উঠতে পারেনি জীবনের অন্তরঙ্গ সাথী। রবীন্দ্রনাথ এই প্রাণহীন যান্ত্রিক শিক্ষাকে স্বীকার করে নিতে পারেন নি।

(প্রুফ কপি)

রবীন্দ্রনাথ মনে করতেন, মানুষের পূর্ণাঙ্গ চেতনা আনে, জীবনবোধের চেতনা ঘটায়। চিন্তের বিকাশই শিক্ষার অন্তরঙ্গ বিকাশ হওয়া উচিত। যে শিক্ষা মানুষের চেতনাকে আলোকিত করতে পারেনা তা মূল্যহীন। পাশ্চাত্য শিক্ষা পদ্ধতি অনেকাংশে যান্ত্রিক, ফলত প্রাণহীন। সেকালে প্রবর্তিত ইংরাজী শিক্ষা এদেশের মানুষকে কেমন তৈরীর যন্ত্রে রূপায়িত করেছে; কিন্তু মানুষ এই শিক্ষা লাভ করতে পেরেছিল, দেশের অবশিষ্ট মানুষ অজ্ঞানরূপে তিমিরে আচ্ছন্ন হয়ে থেকেছিল। বস্তুত সেই শিক্ষা ভারতবর্ষে সার্বজনীন শিক্ষা হয়ে উঠতে পারেনি। হয়ে উঠতে পারে নি জীবনের অন্তরঙ্গ সাথী। রবীন্দ্রনাথ এই প্রাণহীন যান্ত্রিক শিক্ষাকে স্বীকার করে নিতে পারেন নি।